বিশুদ্ধ
আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন
প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়
বি-এ, কবিরত্ন।
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

জঙ্গিপুর
# সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র
—○•○—

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত
পক্ষাঘাতের তৈল ঔষধ
এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মূল্য ১৬৲ ষোল টাকা
চ্যবনপ্রাশ /১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲
দশভুজা ঔষধালয়
মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান
ডি, এস, বোর্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৫শে অগ্রহায়ণ বুধবার ১৩৫৩ ইংরাজী 11th Dec. 1946 { ২৯শ সংখ্যা

আপনার
কম খরচার খাজাঞ্চী
চাকুরিয়া ব্যাঙ্কিং
করপোরেশন লিমিটেড
হেড অফিস
২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা
ফোনঃ কলিকাতা ১৭০৪ টেলিগ্রামঃ ট্রেংরুম
শাখাসমূহ
ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, (এস, পি), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ (মুর্শিদাবাদ), সোনারপুর।
ম্যানেজিং ডিরেক্টার
ডি, এন, চ্যাটার্জি এফ, আর, ই, এস (লণ্ডন)

ব্যয় নহে—সঞ্চয়
জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।
জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।
নূতন বীমা—১৯৪৫
১২ কোটী টাকার উপর
হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস ঃ কলিকাতা

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৫শে অগ্রহায়ণ বুধবার সন ১৩৫৩ সাল

## ভবঘুরে কাবুলী ডাকাত দল

সাধারণতঃ "কাবুলী" নামে পরিচিত আফগান দল বাঙলা প্রদেশের কয়েক স্থানে চুরি ডাকাতি করিয়াছে বলিয়া প্রকাশ। শীতকালে স্বদেশে বেকার হইয়া পড়িলে তাহারা আফগানিস্থান ছাড়িয়া বাঙলা দেশে আসে। এই কাবুলীরা যে সমস্ত ডাকাতি করিয়াছে তাহার মধ্যে একটি সাধারণ বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। ঘটনাস্থল প্রতি ক্ষেত্রেই বর্দ্ধমান, প্রেসিডেন্সি ও রাজসাহী রেঞ্জের রেলষ্টেশনের সান্নিধ্যে। অবস্থাপন্ন হিন্দুর পাকা বাড়ী হইতে বিশেষ করিয়া নগদ টাকা ও গহনাপত্র লুটপাট হয়। গত তিন বৎসরের মধ্যে এই সকল কাবুলী দল ১৪টি ডাকাতি ও একটি বড় সিঁদেল চুরি করে।

কাবুলী দল একই প্রকার পদ্ধতিতে চুরি বা ডাকাতি করে। ভিক্ষুক অথবা হিং কাপড় ও সুর্ম্মার ফেরিওয়ালা-রূপে তাহারা খোঁজ খবর লইতে চর পাঠায়। এই সমস্ত চর সংবাদ সংগ্রহের পর দলপতিকে খবর দেয় এবং দলের লোক আসিয়া এক স্থানে সমবেত হয়।

সাধারণতঃ রাত্রি ১০টা হইতে ২টার মধ্যে তাহারা ডাকাতি করিয়া থাকে। ডাকাতদল লাঠি, শাবল, হাতুড়ি বাটালি প্রভৃতি অস্ত্রে সজ্জিত থাকে এবং ইট, প্রস্তরখণ্ড প্রভৃত সঙ্গে লইয়া আসে। ডাকাতি করিবার সময় তাহারা মুখোস পরিয়া থাকে এবং এক প্রকার অস্ফুট ধ্বনি করে।

মইয়ের সাহায্যে বা হাতুড়ি ও কুড়ুল দ্বারা দরজা ভাঙ্গিয়া তাহারা গৃহ মধ্যে প্রবেশ করে। প্রবেশের পর তাহারা জিনিষপত্র ভাঙ্গিতে সুরু করে এবং গৃহের বাসিন্দা-দের উপর যথেচ্ছ ব্যবহার করে। লোহার সিন্দুকই তাহাদের প্রধান লক্ষ্য—উহা ভাঙ্গিয়া তাহারা দামী জিনিষপত্র হস্তগত করে এবং ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভক্ত হইয়া তাহারা পলায়ন করে। গ্রামবাসীরা বাধা দিলে তাহারা লোষ্ট্র নিক্ষেপ করিয়া তাহাদের তাড়াইয়া দেয়। বন্দুক প্রভৃতি আগ্নেয়াস্ত্র তাহারা ব্যবহার করিয়াছে বলিয়া জানা যায় নাই।

বাঙলায় এই ধরণের কাবুলী উপদ্রবের সময় আগত-প্রায়। পুলিশ কর্ত্তৃপক্ষ লোকের নিরাপত্তার সমস্ত ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। জনসাধারণকেও সতর্ক করিয়া দেওয়া যাইতেছে যে ভিক্ষুক বা ফেরিওয়ালাবেশী কাবুলীকে দেখিলে তাঁহারা যেন বিশেষ সাবধানতা অবলম্বন করেন।

---

## সূতা ও সূতী বস্ত্র নিয়ন্ত্রণাদেশ অনুসারে ষ্টকের হিসাব দাখিল

১৯৪৬ সালের সূতা ও সূতীবস্ত্র নিয়ন্ত্রণাদেশের ১৬ ধারা রদ হওয়ায় উৎপাদনকারী ও ব্যবসায়ীদের ষ্টকের ত্রৈমাসিক হিসাব আর দাখিল করিতে হইবে না।

---

## বড়দিনের সম্ভাষণ-লিপি

কেন্দ্রীয় সংবাদ চলাচল বিভাগের এক বিজ্ঞপ্তিতে প্রকাশ যে, এক প্রকার বিশেষ ধরণের বড়দিনের সম্ভাষণ বিমানলিপি গত ২৫শে নভেম্বর হইতে সকল বড় ও গুরুত্ব-পূর্ণ ডাকঘর সমূহে বিক্রয় হইতেছে। অন্যান্য বিমানলিপির মত উহার মূল্যও ছয় আনা ধার্য্য হইয়াছে।

---

## সামরিক শিক্ষার জন্য সরকারী বৃত্তি

যে সমস্ত শিক্ষার্থী দেরাদুনস্থিত প্রিন্স অব ওয়েলস্ রয়েল ইণ্ডিয়ান মিলিটারী কলেজে ভর্ত্তি হইবে এবং যাহাদের পিতামাতা শিক্ষার সম্পূর্ণ ব্যয়ভার বহন করিতে অক্ষম তাহাদের জন্য বাঙলা গভর্ণমেণ্ট বার্ষিক ১,০০০ টাকা হিসাবে ৬ বৎসরের জন্য দুইটী বৃত্তি দিবার সিদ্ধান্ত করিয়াছেন।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১৩ই জানুয়ারী ১৯৪৭

১৯৪৬ সালের ডিক্রীজারী

২০৭ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং জয়চাঁদ সেরাওগী দাবি ১২২০৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে চরবাগডাঙ্গা ৩০-৩৫ শতকের কাত ৬৭৪৷৹ আঃ ৯৭৫৲

৪২৭ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং বাঁচো দেবী দাবি ১৪৷৶৩ থানা রঘুনাথ-গঞ্জ মৌজে বাড়ালা ৬০ শতকের কাত ১৮/৯ আঃ ৮৲ থং ৬৬৭

৭০২ থাং ডিঃ ঐ দেং দাউদ মণ্ডল দিং দাবি ৪৭৷৶৬ থানা ঐ মৌজে আশরফনগর ও লক্ষীজোলা ৬-৪৫ শতকের কাত ১০।/০ আঃ ৪০৲ থং ১৩, ১২, ১৫ রায়ত স্থিতিবান

৪৬৬ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দিং দেং জয়নাল মণ্ডল দিং দাবি ৩৪৷০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা ২৫ শতকের কাত ৪।৪ পাই আঃ ৫৲ থং ৪০৯

৫১৯ থাং ডিঃ ঐ দেং সাধু মণ্ডল দিং দাবি ৩৩৻৯ থানা রঘুনাথগঞ্জ মৌজা, জমি, জমা, আঃ ও থং দেওয়া নাই।

৩৫ মনি ডিঃ কুমার ইন্দ্রনারায়ণ সিংহ এষ্টেটের একজিকিউটর কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দিং দেং বঙ্কবিহারী সাহা নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং সরসীবালা বর্ম্মণ্যা দিং দাবি ১৪২৸৶৯ থানা সুতী মৌজে হোসেনপুর ১-৬৯ শতকের কাত ৭।৶৫ আঃ ১৩৫৲ থং ১০৮ মোকররী স্বত্ব

৩২২ থাং ডিঃ বরদাশঙ্কর ঠাকুর দেং কৈবল্যদায়িনী দেবী দাবি ১১৭৸০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সিদ্ধিকালী ৪ ৯৬ শতকের কাত ১৯।৶১৮ আঃ ১০০৲ থং ৬

৭৪৭ থাং ডিঃ ভৌরীলাল বয়েদ দিং দেং জাহেদা বিবি দাবি ১৭৷৩ থানা সুতী মৌজে ঘোড়াপীথিয়া গাঙ্গিন ১৸০ জমির জমা ১৸৵১৫ আঃ ৫৲ থং ৮১

৭৪৮ থাং ডিঃ ঐ দেং জয়নাল আবেদিন বিশ্বাস দিং দাবি ৩৯৲ মৌজাদি ঐ ১-৭৯ শতকের কাত ৫৷৷১৮ আঃ ১৫৲ থং ২৯৯

৭৪৯ থাং ডিঃ ঐ দেং ধনপতি মণ্ডল দিঃ দাবি ৫০৻৩ মৌজাদি ঐ ৭৷৷৪ জমির কাত ৭৶৪৷৷০ আঃ ২৫৲ থং ১৯৮

৭৫০ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুচরণ দাস দিং দাবি ২৭৷৵০ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত ৩৷৷/০ আঃ ১৫৲ থং ৪৮৩

৭৫১ থাং ডিঃ ঐ দেং রসিক ঘোষ দিং দাবি ৪২৸৵০ মৌজাদি ঐ ৩৸২৷০ জমির কাত ৫৸৶১২৷০ আঃ ২৫৲ থং ৩৮৩

৮৩৪ থাং ডি সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং তাহিরুদ্দীন মণ্ডল দাবি ৭৬৷৷০ থানা সুতী মোজে বহুতালী ২-৯৮ শতকের কাত ১২৸৵৯ পাই আঃ ৭০৲ থং ১১৯৮

৮৩৩ থাং ডিঃ ঐ দেং উন্মাদিনী ঘোষানী দাবি ৮০৷৶০ মৌজাদি ঐ ৫-৪৮ শতকের কাত ১৩৷৷০ আঃ ২৫৲ থং ১৩০১

৮৪০ থাং ডিঃ ঐ দেং বিপিনবিহারী সাহা দাবি ৮৫৷৵৬ মৌজাদি ঐ ১৪৶১৫ টাকা জমার জমি আঃ ২৫৲

৮৪১ থাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনারায়ণ দত্ত দাবি ২০৮৶৬ মৌজাদি ঐ ৪ ৩১ শতকের কাত ৩৫৷০ আঃ ১০০৲ থং ১১২০

৮৫১ থাং ডিঃ ঐ দেং বাসিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ৪০৷৷৵৬ মৌজাদি ঐ ১-৮২ শতকের কাত ৫৸/৮ আঃ ১৫৲ থং ১২৬৬

৮৩৫ থাং ডিঃ ঐ দেং কুমার রামকিঙ্কর সিংহ দিং দাবি ২৬৬৷৷/৬ থানা ঐ মৌজে উমরাপুর ১৪-৩২ শতকের কাত ৪৪৷৷১৫ আঃ ২৫০৲ থং ১৪৩৯ অধীনস্থ থং ১৪৪০ হইতে ১৪৪৮

৮৫০ থাং ডিঃ ঐ দেং মিছুলাল মণ্ডল দাবি ৩৩২৷৷৯ মৌজাদি ঐ ১৫-৪ শতকের কাত ৫৬৷৷০ আঃ ১০০৲ থং ১০৫৬

৮৫২ থাং ডিঃ ঐ দেং লালমহম্মদ সেথ দাবি ৫৪৵৯ মৌজাদি ঐ ২-১৬ শতকের কাত ১৩/১৫ আঃ ৪০৲ থং ১৩২১

৩১ মনি ডিঃ নৃসিংহপদ চট্টোপাধ্যায় দেং বিষ্ণুপদ রায় দাবি ১২৮৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ৭১ শতকের কাত ৫৷৷/২ পাই আঃ ৫০৲ থং ১৭৫

(নিম্নের ২৮২ নং ডিক্রীজারীর বিজ্ঞাপনটী ৭-১২-৪৬ তারিখে পাওয়া গিয়াছে।)

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৬ই ডিসেম্বর ১৯৪৬

১৯৪৬ সালের ডিক্রীজারী

২৮২ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েণ্ট মাতোয়ালি মৌলবী মরতুজা রেজা চৌধুরী দিং দেং ইয়াজুদ্দিন বিশ্বাস দাবি ২৮৷৷৵৯ থানা ফরক্কা মৌজে বাহাদুরপুর ১৷৷০৻১৭ জমির কাত ৩৲ আঃ ২৫৲

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৬ই জানুয়ারী ১৯৪৭

১৯৪৬ সালের ডিক্রীজারী

২৬৯ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং নলিনীকান্ত সিংহ দিং দাবি ১৩৷৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে নিমতিতা ৫ শতকের কাত ৷৷/৩ আঃ ৩৲ থং ৫০

২৭০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৸/৯ মৌজাদি ঐ ১৪ শতকের কাত ১৷/০ আঃ ৬৲ থং ১০৩

৫১৩ থাং ডিঃ ঐ দেং লাহাদ্দী সেথ দিং দাবি ৫২৷৷/৬ থানা ঐ মৌজে ধুসরীপাড়া ২ ২৯ শতকের কাত ৮৷৷১৫ আঃ ৫০৲ থং ১৬৪ রায়ত স্থিতিবান

৩৭৩ থাং ডিঃ নগেন্দ্রবালা দাসী দেং মোবারক হোসেন দাবি ৩৩৷/৬ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণ কালিকাপুর ২ ৪০ শতকের কাত ৫৷৵৭ আঃ ২৫৲ থং ৪০

৩৭৫ থাং ডিঃ নগেন্দ্রবালা দাসী দেং শিবনন্দন সিংহ দাবি ২৪৸৵৯ থানা ঐ মৌজে দিয়াড়া ৬১ শতকের কাত ৩৸০ আঃ ২০৲ থং ১৮৩

৩৭৬ থাং ডিঃ কমলারঞ্জন ধর দিং দেং রুস্তম আলি মণ্ডল দিং দাবি ১৩৸৶৬ থানা সাগরদীঘি মৌজে বিনোদমাটী ২৪ শতকের কাত ১/০ আঃ ৫৲ থং ৫২ রায়ত স্থিতিবান

৩৩৭ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েণ্ট মাতোয়ালি মৌলবী মরতুজা রেজা চৌধুরী দিং দেং রামকু সাঁওতাল দিং দাবি ৩৫৩৷৩ থানা ফরক্কা মৌজে তালীপুর ৪১-৭৯ শতকের কাত ৪২৸৶৬ আঃ ২০০৲ থং ১৬৩

৫৬৭ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং জওদেন্নেসা বিবি দাবি ১৭৲ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ৬৭ শতকের কাত ১৻৬ আঃ ৫৲ থং ৫০২, ৫০৩

৯৪১ থাং ডিঃ ঐ দেং হেমবরণী দাসী দাবি ২১৷৷০ থানা ঐ মৌজে দুর্গাপুর ২৩ শতকের কাত ২৷/৭ আঃ ১০৲ থং ১৯৫৷১

৪২১ থাং ডিঃ উমাপদ চৌধুরী দিং দেং গিরিশচন্দ্র মণ্ডল দাবি ৩৩৶৩ থানা ফরক্কা মৌজে পুরাণ চণ্ডীপুর ১-২৮ শতকের কাত ৪৸০ আঃ ১০৲ থং ৩২৫ রায়ত স্থিতিবান

৪২৩ থাং ডিঃ ঐ দেং সবুবান নেছা চৌধুরাণী দাবি ১৪৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে কেন্দুয়া ১-৯৭ শতকের কাত ১৷৷৶৪ আঃ ১০৲ থং ৯৮ মোকররী স্বত্ব

৪২৪ থাং ডিঃ ঐ দেং সাবদার হোসেন চৌধুরী দাবি ২৪৷৬ মৌজাদি ঐ ২-৫ শতকের কাত ২৷৷৯ আঃ ৫৲ থং ১৩৫ রায়ত স্থিতিবান

৪৮৪ থাং ডিঃ সেবাইত গোবিন্দলাল রায় দিং দেং সুধীরকুমার ব্রহ্মচারী দাবি ২৪৷৶৩ থানা সাগরদীঘি মৌজে হাটপাড়া ৫৫ শতকের কাত ৩৷৶৩ আঃ ১০৲ থং ২৮

৪৮৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৮৷৯ মৌজাদি ঐ ৯-৯৬ শতকের কাত ১২৷৷০ আঃ ২০৲ থং ৬২

৫০৮ থাং ডিঃ রাজা কমলারঞ্জন রায় দেং আন্না.কালী দেবী দাবি ৮৯৸৩ থানা সাগরদীঘি মৌজে বলরামবাটী ৩-১৮ শতকের কাত ১৫৷৵৩ আঃ ৫০৲ থং ২৫৪

৫০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৸৩ মৌজাদি ঐ ৪২ শতকের কাত ১৸৵৯ আঃ ১০৲ থং ২৫৫

৪৫৩ থাং ডিঃ গৌরীশঙ্কর চৌধুরী দিং দেং সাতকড়ি মুখোপাধ্যায় দিং দাবি ৪৭৷৵৯ থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ৬-৩ শতকের কাত ৩৩৸/৩ আঃ ২৫৲ থং ১৭৬

৪০৭ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং সদর সেথ দিং দাবি ৪০৷/৬ থানা সাগরদীঘি মৌজে গাদী ১-৩৬ শতকের কাত ৫৸৬ আঃ ৩৫৲ থং ৩০৮

৩৭ মনি ডিঃ ভোলা মাঝি দেং বিনয়ভূষণ পাঁড়ে দাবি ১০৵০ থানা ফরক্কা মৌজে হোসেনপুর ৯৫ শতকের কাত ১৶৬ আঃ ৩৲ থং ৯ রায়ত মোকররী

৪৬ মনি ডিঃ ইমামুদ্দিন বিশ্বাস দেং রহিম সেথ দিং দাবি ১৩৩/০ থানা সমসেরগঞ্জ মৌজে কাঁকুড়িয়া ৩৮ শতকের কাত ২৲ তন্মধ্যে ।১ কাঠা উত্তর ছ্যা মায় চাল চাপ্পর দরজা, জানালা, টাইল ইত্যাদি হারাহারি জমা ৷৷০ আঃ ১০৲ থং ১৫৯

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।


ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ⁄০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




# সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত